# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০

**জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন**

স্মারক নং: স্থাসবি/জমৃনিপ্র/জনবলনিয়োগ-১৬/২০১০-২৪২ — তারিখঃ ১১-২-১৪১৭ / ২৫-৫-২০১০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন 'জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প (২য় পর্যায়)'-এর নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদ (ডিসেম্বর ২০১০ অথবা মেয়াদ বৃদ্ধি হলে মেয়াদকালীন সময়) পর্যন্ত নিয়োগদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও সর্বসাকুল্য বেতন | পদের সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ |
|---|---|---|---|
| ১। | প্রোগ্রামার (গ্রেড-৬) সর্বসাকুল্য বেতন-২৫,০৫০/- ও সরকারি বিধি অনুযায়ী উৎসব বোনাস। | ১ (এক) | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রি অথবা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশলে বিএসসি ডিগ্রি। (খ) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যপদ। (গ) সহকারী প্রোগ্রামার পদে ন্যূনতম ৪ বৎসরের (কম্পিউটার বিজ্ঞান বা প্রকৌশলে মাস্টার ডিগ্রিধারীগণের ক্ষেত্রে ২ বৎসরের) অভিজ্ঞতা। |
| ২। | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) সর্বসাকুল্য বেতন-১৫,২৪০/- ও সরকারি বিধি অনুযায়ী উৎসব বোনাস। | ১ (এক) | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রি অথবা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশলে বিএসসি ডিগ্রি। (খ) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যপদ। (গ) আবশ্যিকভাবে প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড এপটিচুড টেস্টে উত্তীর্ণ। |

**সাধারণ নির্দেশাবলী**

১) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১-৫-২০১০ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে এবং মুক্তিযোদ্ধার সন্তান বা শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যগণের জন্য ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।
২) আবেদনপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারী বরাবরে নিম্নোক্ত নমুনা ছক মোতাবেক সাদা কাগজে স্বহস্তে লিখে সর্বশেষ ১৭-৬-২০১০ বৃহস্পতিবারের মধ্যে ডাকযোগে বা হাতে হাতে পৌঁছাতে হবে।

**আবেদনপত্রের নমুনা ছক** — সংযুক্ত ছবি ৩ কপি

প্রার্থীত পদের নাম :
১। প্রার্থীর নাম (বাংলা স্পষ্টাক্ষরে):
(ইংরেজিতে বড় হাতের অক্ষরে):
২। লিঙ্গ : পুরুষ/মহিলা
৩। পিতার নাম : ৪। মাতার নাম : ৫। স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
৬। নিজ জেলা : ৭। স্থায়ী ঠিকানা : ৮। বর্তমান ঠিকানা (ফোন নম্বর ও ই-মেইল ঠিকানাসহ) :
৯। জন্ম তারিখ (অংক ও কথায়) : ১০। বয়স (১-৫-২০১০ তারিখে) : বৎসর মাস দিন।
১১। কোন কোটার প্রার্থী হলে কোটার নাম:
১২। শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | কোর্সের মেয়াদকাল | বিষয় | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

১৩। অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) :
১৪। ট্রেজারী চালান নম্বর:...............তারিখ:...............ব্যাংক..............শাখার নাম:................
তারিখ : আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর
সংযুক্তি : ক), খ), গ), ঘ), ঙ),....................

৩) প্রোগ্রামার পদের প্রার্থীদের ৩০০/= (তিনশত) এবং সহকারী প্রোগ্রামার পদের প্রার্থীদের ২০০/= (দুইশত) টাকার ট্রেজারী চালান ১-৩৭০১-০০০১-২৬৮১ কোডে "জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের .................. পদে নিয়োগ পরীক্ষার ফি" বাবদ জমাপূর্বক ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৪) প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে নিম্নোক্ত সার্টিফিকেট ও কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
ক. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা প্রার্থীর পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি;
খ. আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট পদের শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
গ. বয়স প্রমাণের জন্য 'জন্ম নিবন্ধন সনদপত্র'-র সত্যায়িত ফটোকপি;
ঘ. পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্বের সার্টিফিকেট;
ঙ. কম্পিউটার প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
৫) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬) উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের বা কোন পদে নিয়োগ করা বা না করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে কিংবা ইন্টারভিউ কার্ড প্রদানে বাধ্য নয়।
৭) নিয়োগপ্রাপ্তদের চাকুরী প্রকল্পের মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে।

**আকম সাইফুল ইসলাম চৌধুরী**
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

জিডি-২৫১৫

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র দপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫

নিলাম বিজ্ঞপ্তি নং: ০১/২০১০ — তারিখ: ২৩/০৫/২০১০খ্রি:

## স্থানীয় রেজিস্ট্রেশন নম্বরযুক্ত গাড়ি নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বস্ত্র দপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর অকেজো ঘোষিত একটি টয়োটা কার নং-ঢাকা মেট্রো-ভ-৫১৫৭, বস্ত্র দপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, ৩০, মিরপুর রোড, ঢাকায় যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্রদাতার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

| | | | |
|---|---|---|---|
| ১। | গাড়ি পরিদর্শন | : | টয়োটা কারটি আগ্রহী ব্যক্তিগণ ১৫/৬/২০১০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিভাগীয় বস্ত্র দপ্তর, ৩০, মিরপুর রোড, ঢাকাতে সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। |
| ২। | দরপত্র তফসিল প্রাপ্তির স্থান ও তারিখ | : | বস্ত্র দপ্তর, প্রধান কার্যালয়ের উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান) এবং বস্ত্র দপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, ৩০, মিরপুর রোড, ঢাকার উপ-পরিচালক এর কার্যালয়ে ১৫/৬/২০১০ তারিখ বিকাল ৪:০০টা পর্যন্ত দরপত্র তফসিল সরবরাহ করা হবে। |
| ৩। | দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময় | : | বস্ত্র দপ্তর, প্রধান কার্যালয়, ঢাকাতে রক্ষিত টেন্ডার বাক্সে ১৬/৬/২০১০ বেলা ১২:০০টা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে। |
| ৪। | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | : | উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান), বস্ত্র দপ্তর এর কার্যালয়ে নিলাম দরপত্রে অংশগ্রহণকারীগণের উপস্থিতিতে (যারা উপস্থিত থাকতে ইচ্ছুক) ১৬/৬/২০১০ বেলা ১২:০৫ মিনিটে দরপত্র খোলা হবে। উল্লেখ্য দরপত্র খোলার তারিখে কোন দরপত্র তফসিল সরবরাহ করা হবে না। |
| ৫। | জামানতের টাকা (ফেরতযোগ্য) | : | দরপত্রে উল্লেখিত মূল্যের ৫% হারে জামানত হিসেবে বাংলাদেশের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে পরিচালক, বস্ত্র দপ্তর, ঢাকা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ৬। | আয়কর | : | গৃহীত সর্বোচ্চ দরদাতাকে গাড়ি সরবরাহ নেয়ার পূর্বে উদ্ধৃত মূল্যের উপর ৫% অগ্রীম আয়কর ও ১.৫% ভ্যাট সংশ্লিষ্ট দপ্তরে জমা প্রদানপূর্বক তার প্রমাণপত্র এ দপ্তরে দাখিল করতে হবে। |

অন্যান্য শর্তাবলী দরপত্র তফসিলে উল্লেখ করা হয়েছে। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান)**
ও আহবায়ক, অকেজো ঘোষণা ও নিলাম কমিটি
পরিচালক, বস্ত্র দপ্তর এর পক্ষে
ফোন: ৯১১৪০৩৮

জিডি-২৪৯০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
স্ট্রেংদেনিং অব অপারেশনাল সাপোর্ট ইউনিট ইন দি প্রোগ্রামিং ডিভিশন (সংশোধিত) প্রকল্প
(ব্লক নং-২, কক্ষ নং-২৪)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নং- পক/কার্যক্রম/প্রকল্প-৭ (অংশ-২)/২০০৬/২৬৬ — তারিখ ঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪১৭ / ২৫ মে, ২০১০

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের আওতায় বাস্তবায়নাধীন "স্ট্রেংদেনিং অব অপারেশনাল সাপোর্ট ইউনিট ইন দি প্রোগ্রামিং ডিভিশন (সংশোধিত)" শীর্ষক প্রকল্পে নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য পূরণের নিমিত্ত বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | সাকুল্যে বেতন (বেতন স্কেল, ২০০৯) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | প্রোগ্রামার | ১ (এক) | ৬ নং গ্রেডের সর্বসাকুল্য বেতনের জন্য সরকারের নির্ধারিত বেতন স্কেল অনুযায়ী সাকুল্য বেতন (মূল স্কেল ১৮৫০০/- প্লাস সরকারি বিধি মোতাবেক অন্যান্য ভাতা) | অনূর্ধ্বে ৩৫ বছর | ক) স্বীকৃতিপ্রাপ্ত কোন বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান/ গণিত/পরিসংখ্যান/ বাণিজ্য/সমাজ বিজ্ঞান/অর্থনীতি/ ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং)। খ) সহকারী প্রোগ্রামার হিসেবে কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা (কম্পিউটার বিজ্ঞান/প্রকৌশলে স্নাতকোত্তর ডিগ্রিসহ ২ বছরের অভিজ্ঞতা)। গ) স্বীকৃতিপ্রাপ্ত প্রফেশনাল কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। ঘ) ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেশন, ম্যানেজমেন্ট, একসেস কন্ট্রোল এবং ডাটাবেজ আপডেট এ অভিজ্ঞতা থাকতে হবে। ডাটা মাইনিং এবং ডাটা ওয়ারহাউজিং এ দক্ষতা থাকতে হবে। Oracle and SQL Server, MySQL ইত্যাদিতে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। |

১। উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত ২০০৯ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী সাকূল্যে বেতনে (Consolidated Pay) প্রচলিত সরকারি বিধি অনুযায়ী অন্যান্য ভাতা প্রদান করা হবে।
২। প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অভিজ্ঞতা এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স ইত্যাদি উল্লেখপূর্বক আবেদনপত্রের সহিত বিজ্ঞাপনে উল্লেখিত সনদপত্র, স্ব-স্ব ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি প্রকল্প পরিচালকের বরাবরে উপরোক্ত ঠিকানায় আগামী ১৭/০৬/২০১০ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে পৌঁছাতে হবে।
৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে সরকারি দপ্তরের সমাপ্ত উন্নয়ন প্রকল্প (রাজস্ব খাতে স্থানান্তরিত) হতে বাদ পড়া অভিজ্ঞতাসম্পন্ন দক্ষ নিবেদিত কর্মচারীগণের আবেদন অগ্রাধিকার প্রাপ্য এবং বয়সসীমা শিথিলযোগ্য।
৪। প্রচলিত বিধি অনুযায়ী সর্বপ্রকার সরকারি কোটা সংরক্ষিত।
৫। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ এবং বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬। প্রার্থী বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণকালে প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না এবং সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
৭। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে নিয়োগের যে কোন শর্ত সংযোজন, বিয়োজন, পরিবর্তন এবং নিয়োগ বাতিল করতে পারবে।
৮। এ পদে পূর্বে যারা আবেদন করেছেন তাদের আর আবেদন করার প্রয়োজন নেই।

**মোঃ আবদুল হাই তালুকদার**
প্রকল্প পরিচালক
স্ট্রেংদেনিং অব অপারেশনাল সাপোর্ট ইউনিট ইন দি প্রোগ্রামিং ডিভিশন (সংশোধিত) প্রকল্প

জিডি-২৫২৩

The people's Republic of Bangladesh

# Bangladesh Road Transport Authority

Old airport Road, Allenbury, Tejgaon, Dhaka-1215
**Website:** http://www.brta.gov.bd

## Invitation for Tender

| | | | |
|---|---|---|---|
| | **GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH** | | |
| 1. | Ministry/Division | Ministry of Communication | |
| 2. | Agency | Bangladesh Road Transport Authority | |
| 3. | Procuring Entity Name | Director (Engg.), Bangladesh Road Transport Authority | |
| 4. | Invitation for | Procurement of 01 (One) no Microbus. | |
| 5. | Invitation Ref No | BRTA/3E-TD(MB)/708-2010/1258 | |
| 6. | Date | 17/05/2010 | |
| | **KEY INFORMATION** | | |
| 7. | Procurement Method | Open Tendering Method (OTM) | |
| | **FUNDING INFORMATION** | | |
| 8. | Budget and Source of Funds | GOB FUNDS | |
| | **PARTICULAR INFORMATION** | | |
| 9. | Tender Package No. | NOT APPLICABLE | |
| 10. | Tender Package Name | Procurement of 1 (One) Microbus | |
| | | **Date** | |
| 11. | Tender Publication Date | 19-05-2010 | |
| 12. | Tender Last Selling Date | 02-06-2010 | Up to 4 PM |
| | | **Date** | **Time** |
| 13. | Tender Closing Date and Time | 03-06-2010 | 12.00 Noon |
| 14. | Tender Opening Date and Time | 03-06-2010 | 12.30 PM |
| 15. | Name & Address of the office (s) | **Address** | |
| | *-Selling Tender Document* | BRTA HQ. Engineering Branch | |
| | *-Receiving Tender Document* | Office of Director (Eng.), BRTA HQ, Allenbury, Tejgaon, Dhaka-1215. | |
| | *-Opening Tender Document* | Office of Director (Eng.), BRTA HQ, Allenbury, Tejgaon, Dhaka-1215. | |
| | **INFORMATION FOR TENDERER** | | |
| 16. | Eligibility of Tenderer | Bonafide vehicle Importer/Manufacturer/ Authorized dealer having the capacity of supplying the different kinds of vehicle the govt. and semi govt. department. | |
| 17. | Brief Description of Goods or Works | Procurement of 01 (One) No. Microbus. | |
| 18. | Price of Tender Document (Tk) | Tk. 1,000.00 (One Thousand) only to be paid through treasury challan **in Bangladesh bank only** to the account code no. 1/5043/0000/2366. | |

| | Lot No. | Identification of Lot | Location | Tender Security Amount (Tk) | Completion Time in Weeks/Months |
|---|---|---|---|---|---|
| 19. | 1 | Procurement of 01 (One) No. Microbus. | BRTA HQ, Tejgaon, Dhaka | 50,000.00 (Fifty Thousand) only | 02 (Two) Weeks. |

| | | | |
|---|---|---|---|
| | **PROCURING ENTITY DETAILS** | | |
| 20. | Name of Official Inviting Tender | Md. Saiful Hoque | |
| 21. | Designation of Official Inviting Tender | Director (Engineering) | |
| 22. | Address of Official Inviting Tender | BRTA H.Q. Allenbury, Tejgaon, Dhaka-1215 | |
| 23. | Contact details of Official Inviting Tender | Phone # 9115544 | Fax # 9116163 |
| 24. | **The procuring entity reserves the right to accept or reject all tenders at any time** | | |

sd/-
**(Md. Saiful Hoque)**
Director (Engineering)

GD-2481

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

নং-বিটিআরসি/এলএল/বিজ্ঞপ্তি(২৪২)/২০০৭- ৫৭৭ — তারিখঃ ২৬/০৫/২০১০ খ্রিঃ

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হতে ইস্যুকৃত Call Center ও HCC লাইসেন্সের অনুচ্ছেদ নং-৫.১৫ এবং HCCSP লাইসেন্সের অনুচ্ছেদ নং-৫.১৪ এর শর্তানুযায়ী লাইসেন্স ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৬(ছয়) মাসের মধ্যে কার্যক্রম শুরুর বিধান রয়েছে। ইস্যুকৃত Call Center/HCC/HCCSP লাইসেন্সধারীদের মধ্যে যারা লাইসেন্সের শর্তানুযায়ী নির্দিষ্ট ৬(ছয়) মাসের মধ্যে কার্যক্রম শুরু করতে পারেনি তাদেরকে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর ধারা ৪৬(২) অনুযায়ী কমিশন হতে কেন তাদের লাইসেন্স বাতিল করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়েছে। কিন্তু কোন কোন প্রতিষ্ঠান/কোম্পানীতে প্রেরিত কারণ দর্শানো নোটিশ গরজারিতে কমিশনে ফেরত এসেছে। উক্ত প্রতিষ্ঠান/কোম্পানীসমূহকে পুনরায় কারণ দর্শানোর সুযোগ দিয়ে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কমিশনে পত্র ফেরত আসার এবং লাইসেন্সের শর্ত ভঙ্গ করার কারণে তাদের লাইসেন্স কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানোর জন্য অনুরোধ করা হলো। বর্ণিত সময়ের মধ্যে যারা কমিশনে সন্তোষজনক কারণ দর্শাতে ব্যর্থ হবেন তাদের ক্ষেত্রে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর ধারা ৪৬(৩) অনুযায়ী লাইসেন্স বাতিলের কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য, বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর ধারা ৪৬ অনুযায়ী কমিশন হতে কারও লাইসেন্স বাতিল করা হলে উক্ত আইনের ৩৬(৩) ধারা অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠান/কোম্পানী বা ব্যক্তি পরবর্তী ৫(পাঁচ) বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত টেলিকম সংশ্লিষ্ট কোন প্রকার লাইসেন্স প্রাপ্তির জন্য অযোগ্য হবেন মর্মে বিধান রয়েছে। এমতাবস্থায় নিম্নলিখিত প্রতিষ্ঠান/কোম্পানীগুলোতে বিজ্ঞপ্তি প্রচারিত হওয়ার পর ০৭(সাত) দিনের মধ্যে বর্ণিত কারণ দর্শানোর জন্য অনুরোধ করা হলো।

**প্রতিষ্ঠান/কোম্পানী সমূহের নামঃ**

**(ক) Call Center (CC)**

১) M/S. Sharif Telecom Telecommunication. ২) M/s. Semantics Call Technologies. ৩) M/s. AN Telecom. ৪) M/s. SPACE MERGER. ৫) M/s. Call. Net. ৬) M/S. Roy Trading. ৭) M/S. 21 Paradigms. ৮) M/s. N N Enterprise. ৯) M/s. K. B. Call Centre. ১০) M/s. Utsho Net. ১১) M/s. Tamimy Call Centre. ১২) M/S. Ara Technologies Corporation. ১৩) M/s. Fast Call. ১৪) M/s. G.C.C.S. BD. ১৫) SRB Dotcom Limited. ১৬) M/s. SRRK Enterprise. ১৭) M/s. Nipu Traders. ১৮) M/S. Sam International. ১৯) M/S. Dotmark. ২০) M/s. MULTIBIZ.COM. ২১) M/S. Kleen Communications. ২২) M/S. Tritech Computers and Engineers. ২৩) M/S. Oasis Informatics. ২৪) M/S. Diamond Enterprise. ২৫) Wintel Limited. ২৬) M/s. Maxim Communication. ২৭) M/s. M.G. Electronics. ২৮) M/s. World Connection. ২৯) M/s. Abir Traders. ৩০) M/s. BIP Tel Services. ৩১) M/s. Intelli Works. ৩২) M/S. Distant Wave. ৩৩) M/s. MICRO EXPORT HOUSE. ৩৪) M/s. NEPTI. ৩৫) M/s. S. S. Communication. ৩৬) M/s. Call One Solutions. ৩৭) M/s. ISHMAM OUTSOURCING SOLUTION. ৩৮) Noorpore Information Technologies Limited. ৩৯) MT Link Limited. ৪০) M/S. Sunity Overseas. ৪১) M/s. Matrix Telecom Services. ৪২) BDHAAT E-TECH Limited. ৪৩) M/S. Deshi Air Dot Com. ৪৪) M/s. TZ Calling. ৪৫) M/s. ASIA LINK. ৪৬) M/s. Nujum Call Centre. ৪৭) M/s. Amar Bangla Call Center. ৪৮) M/s. Green Crescent Tele Marketing Company. ৪৯) M/s. Nina Call Center. ৫০) M/s. Flexi International. ৫১) M/S. Infinity Info Com. ৫২) M/S. Workstation Information Technology. ৫৩) M/S. Delta SoftTech. ৫৪) M/S. Soft Valley. ৫৫) M/s. Highway Computers. ৫৬) M/S. Green Channel Co. ৫৭) M/s. Focus Call Center. ৫৮) M/s. Bangladesh Telecommunication. ৫৯) First Triangle Solution Ltd. ৬০) True Services (Pvt.) Ltd. ৬১) M/S. Read Tech Solutions Inc. ৬২) M/S. Nihal Publication. ৬৩) 21st Century's Communication Pvt. Ltd. ৬৪) M/s. BD Call Center. ৬৫) M/S. Empire Global Tech. ৬৬) ServicEngine Ltd.

**(খ) Hosted Call Center (HCC)**

১) M/s. Call One Solutions. ২) Subra Systems Limited.

২৬/০৫/১০
পরিচালক
লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ
বিটিআরসি

GD-2535